

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৭৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ কোন মুসলিম ব্যক্তির চুল পেঁকে গেলে তার বদৌলতে মহান আল্লাহ সাওয়াব লিখ দেন, গোনাহ মিটিয়ে দেন এবং দনিয়ায় তার মর্যাদা বাডিয়ে দেন

ذِكْنُ كِتْبَةِ اللَّهِ ـ جَلَّ وَعَلَا ـ الْحَسَنَاتِ وحَطِّ السَّيِّئَاتِ وَرَفْعَ الدَّرجات لِلْمُسْلِمِ بِالشَّيْبِ فِي الدُّنْيَا

আরবী

2974 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رسول الله حلى الله عليه وسلم قال: (لَا تَنْتِفُوا الشَّيْبَ فَإِنَّهُ نُورٌ يَوْمَ الْقِيَامَةِ وَمَنْ شَابَ شَيْبَةً فِي الْإِسْلَامِ كُتِبَ لَهُ بِهَا حسنةٌ وَحُطَّ عَنْهُ بِهَا خطيئةٌ وَرُفِعَ له بها دَرَجةٌ). الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2974 | خلاصة حكم المحدث:. حسن ـ ((الصحيحة)) (1243).

বাংলা

২৯৭৪. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমরা পাঁকা চুল তুলে ফেলবে না। কেননা কিয়ামতের দিন তা নূর হবে। যে ব্যক্তির ইসলামে একটি চুল পাকে, এজন্য তার একটি সাওয়াব লেখা হয়, একটি গোনাহ মোচন করা হয় হয় এবং তার জন্য একটি মর্যাদা সমুন্নত করা হয়।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ৪২০২; তিরমিযী: ২৮২১; নাসাঈ: ৮/১৩৬; মুসনাদ আহমাদ: ২/১৭৯; ইবনু মাজাহ: ৩৭৩১; বাগাবী: ৩১৮১; সুনান বাইহাকী: ৭/৩১১; সহীহ ইবনু মুসলিম: ২৩৪১।



হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। হাদীসটিকে আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাসান বলেছেন। (আস সহীহাহ: ১২৪৩; আত তা'লীকুর রাগীব: ৩/১১৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন